রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বৃহস্পতিবার, সেপ্টেম্বর ২৪, ২০২০**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়**

**পরিবেশ শাখা-১**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৯ আশ্বিন, ১৪২৭ বঙ্গাব্দ/২৪ সেপ্টেম্বর, ২০২০ খ্রিস্টাব্দ

**এস.আর.ও. নং ২৬১-আইন/২০২০।**—সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৫৯ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা :—

১। **শিরোনাম।**—এই বিধিমালা পরিবেশ অধিদপ্তর কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় কিংবা প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) **"কমিশন"** অর্থ বাংলাদেশ সরকারি কর্ম কমিশন;

(খ) **"তপশিল"** অর্থ এই বিধিমালার কোনো তপশিল;

(গ) **"নিয়োগকারী কর্তৃপক্ষ"** অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত যে কোনো কর্মকর্তা;

(ঘ) **"পদ"** অর্থ তপশিলে উল্লিখিত কোনো পদ;

(ঙ) **"প্রয়োজনীয় যোগ্যতা"** অর্থ সংশ্লিষ্ট পদের জন্য তপশিলে উল্লিখিত যোগ্যতা;

(চ) **"বিভাগীয় প্রার্থী"** অর্থ ঐ সকল কর্মচারীকে বুঝাইবে যাহারা একই লাইনের এবং একই প্রতিষ্ঠানের চাকুরিতে অন্যূন ২ (দুই) বৎসর স্থায়ী বা অস্থায়ীভাবে নিয়োজিত আছেন এবং বিজ্ঞাপিত পদে পদোন্নতি বা সরাসরি নিয়োগের জন্য যোগ্য; তবে তাহাদের সরকারি চাকুরিতে প্রথম নিয়োগের বয়সসীমা সরাসরি নিয়োগের জন্য নির্ধারিত বয়সসীমার মধ্যে থাকিতে হইবে;



**মূল্য :** টাকা ২৪.০০

(ছ) **"শিক্ষানবিশ"** অর্থ কোনো পদে শিক্ষানবিশ হিসাবে নিযুক্ত কোনো ব্যক্তি;

(জ) **"সিজিপিএ"** অর্থ Cumulative Grade Point Average (CGPA); এবং

(ঝ) **"স্বীকৃত বিশ্ববিদ্যালয়"** বা **"স্বীকৃত বোর্ড"** বা **"স্বীকৃত প্রতিষ্ঠান"** বা **"স্বীকৃত ইনস্টিটিউট"** অর্থ আপাতত বলবৎ কোনো আইনের দ্বারা বা আইনের অধীনে প্রতিষ্ঠিত কোনো বিশ্ববিদ্যালয় বা শিক্ষা বোর্ড, প্রতিষ্ঠান বা ইনস্টিটিউটকে বুঝাইবে এবং এই বিধির উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য যে কোনো বিশ্ববিদ্যালয়, শিক্ষা বোর্ড, প্রতিষ্ঠান বা ইনস্টিটিউটও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। **নিয়োগ পদ্ধতি।**—(১) তপশিলে বর্ণিত বিধান সাপেক্ষে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে, সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলি সাপেক্ষে, কোনো শূন্য পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগদান করা যাইবে, যথা :—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে;

(গ) প্রেষণে বদলির মাধ্যমে; এবং

(ঘ) পদায়নের মাধ্যমে।

(২) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগ করা হইবে না, যদি না তজ্জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা থাকে, এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তপশিলে বর্ণিত বয়সসীমার মধ্যে না হয়।

৪। **সরাসরি নিয়োগ।**—(১) তফসিলে উল্লিখিত সংশ্লিষ্ট পদের নিয়োগ যোগ্যতা ও পদ্ধতি অনুসরণ ব্যতীত কোনো পদে কোনো ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কোনো পদে কোনো ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(৩) কোনো পদে সরাসরি নিয়োগের জন্য কোনো ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন অথবা বাংলাদেশের ডমিসাইল না হন; এবং

(খ) এমন কোনো ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোনো পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহা-পরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা, ক্ষেত্র বিশেষে, তৎকর্তৃক মনোনীত কোনো মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোনো দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোনো ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) এইরূপ বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সির মাধ্যমে তদন্ত না হইয়া থাকে, ও তদন্তের ফলে দেখা যায় যে, প্রজাতন্ত্রের চাকরিতে নিযুক্তির জন্য তিনি উপযুক্ত নহেন।

(৫) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহবানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফিসহ যথাযথ ফরম ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং

(খ) সরকারি চাকরি কিংবা কোনো স্থানীয় কর্তৃপক্ষের চাকরিতে নিয়োজিত থাকাকালীন স্বীয় উর্ধ্বতন কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

(৬) যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে আবেদন করিয়া কোনো ব্যক্তি নিয়োগপ্রাপ্ত হইলে উক্ত নিয়োগ নব নিয়োগ হিসাবে গণ্য হইবে এবং তাহার পূর্ব চাকুরিকাল শুধু পেনশন ও বেতন সংরক্ষণের জন্য প্রযোজ্য হইবে এবং জ্যেষ্ঠতা বা অন্য কোনো আর্থিক সুবিধাদির জন্য উক্ত কর্মকাল গণনাযোগ্য হইবে না।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ।**—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই বা নির্বাচন কমিটির সুপারিশের ভিত্তিতে কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে।

(২) যদি কোনো ব্যক্তির চাকুরি বৃত্তান্ত সন্তোষজনক না হয়, তাহা হইলে, তিনি কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

(৩) অস্থায়ী পদে সংশ্লিষ্ট নিয়োগ বিধিমালার বিধান অনুযায়ী পদোন্নতি প্রদান করা যাইবে, তবে উক্ত পদোন্নতি অস্থায়ী হইবে এবং পদ স্থায়ী হইলে উক্ত পদোন্নতি স্থায়ী হইবে।

৬। **শিক্ষানবিশি।**—(১) কোনো স্থায়ী শূন্য পদের বিপরীতে কোনো পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিশি স্তরে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, স্থায়ী নিয়োগের তারিখ হইতে ২ (দুই) বৎসরের জন্য; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে ১ (এক) বৎসরের জন্য নিয়োগ করা হইবে:

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া কোনো শিক্ষানবিশির মেয়াদ এইরূপ বর্ধিত করিতে পারিবেন যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে ২ (দুই) বৎসরের অধিক না হয়।

(২) যেই ক্ষেত্রে কোনো শিক্ষানবিশের শিক্ষানবিশি মেয়াদকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হইবার সম্ভাবনা নাই, সেই ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে শিক্ষানবিশের চাকুরির অবসান ঘটাইতে পারিবেন; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৩) শিক্ষানবিশির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হইবার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিশি মেয়াদ চলাকালে কোনো শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক, তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকুরিতে স্থায়ী করিবেন এবং স্থায়ী শূন্য পদের বিপরীতে নিয়োগপ্রাপ্ত ব্যক্তি চাকরিতে যোগদানের তারিখ হইতে চাকুরিতে স্থায়ী হইবেন; এবং

(খ) যদি মনে করেন যে, উক্ত মেয়াদকালে শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকুরির অবসান ঘটাইতে পারিবেন; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৪) কোনো শিক্ষানবিশকে কোনো নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না, সরকারি আদেশবলে সময় সময়, যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি উত্তীর্ণ হন ও প্রশিক্ষণ গ্রহণ করেন:

তবে শর্ত থাকে যে, যে সকল কর্মচারীর বয়স ৫০ (পঞ্চাশ) বৎসর উত্তীর্ণ হইয়াছে সেইসকল কর্মচারীকে তফসিলে বর্ণিত পদের শিক্ষানবিশকাল শেষ হইবার ১ (এক) বৎসরের মধ্যে স্থায়ী হইবার ক্ষেত্রে বর্ণিত পরীক্ষা বা প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে না।

(৫) অস্থায়ীভাবে সৃজিত পদে অস্থায়ীভাবে নিয়োগপ্রাপ্ত ব্যক্তি শিক্ষানবিশ হিসাবে গণ্য হইবেন, তবে অস্থায়ী পদ যেই তারিখে স্থায়ী হইবে সেই তারিখ হইতে উক্ত ব্যক্তির চাকরি স্থায়ী হইবে।

৭। **বিশেষ বিধান।**—তপশিলে উল্লিখিত কোনো পদ পূরণের ক্ষেত্রে সরাসরি ও পদোন্নতির কোটা বিভাজনে কোনো ভগ্নাংশ আসিলে উভয় কোটার ভগ্নাংশ পূর্ণ সংখ্যা হিসাবে পদোন্নতির কোটার সহিত যুক্ত হইবে।

৮। **রহিতকরণ ও হেফাজত।**—(১) পরিবেশ অধিদপ্তর (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ১৯৯৪ অতঃপর উক্ত বিধিমালা বলিয়া উল্লিখিত, এতদ্দারা রহিত করা হইল।

(২) উপ-বিধি (১) এর অধীন রহিত হওয়া সত্ত্বেও, উক্ত বিধিমালার অধীন-

(ক) জারীকৃত আদেশ, প্রদত্ত নির্দেশ ও কৃত কার্য এ বিধিমালার অধীন জারীকৃত, প্রদত্ত ও কৃত হইয়াছে বলিয়া গণ্য হইবে; এবং

(খ) গৃহীত কোনো কার্যধারা অনিষ্পন্ন থাকিলে উহা উক্ত বিধিমালার বিধান অনুসারে এইরূপে নিষ্পত্তি করিতে হইবে যেন এই বিধিমালা কার্যকর হয় নাই।

**তপশিল-১**
**[বিধি-২(খ) দ্রষ্টব্য]**

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১। | মহাপরিচালক | বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ধারা ৩ এর উপ-ধারা (২) অনুযায়ী | | |
| ২। | অতিরিক্ত মহাপরিচালক | - | পদোন্নতির মাধ্যমে : তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে :** পরিচালক পদে অন্যূন ০৩ (তিন) বৎসরের চাকুরিসহ ৯ম বা তদূর্ধ্ব গ্রেডের পদে অন্যূন ১৭ (সতের) বৎসরের চাকুরি। **প্রেষণে নিয়োগের ক্ষেত্রে :** সরকারের যুগ্মসচিব পদে কর্মরত কর্মকর্তাগণের মধ্য হইতে প্রেষণে নিয়োগ বা পদায়নের মাধ্যমে। |
| ৩। | পরিচালক | - | পদোন্নতির মাধ্যমে : তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলি বা পদায়নের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে :** উপপরিচালক পদে অন্যূন ০৬ (ছয়) বৎসরের চাকুরিসহ ৯ম বা তদূর্ধ্ব গ্রেডের পদে অন্যূন ১৪ (চৌদ্দ) বৎসরের চাকুরি। **প্রেষণে বা পদায়নের ক্ষেত্রে :** সরকারের উপসচিব পদে কর্মরত কর্মকর্তাগণের মধ্য হইতে প্রেষণে বদলি বা পদায়ন। |
| ৪। | উপপরিচালক | - | পদোন্নতির মাধ্যমে : তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলি বা পদায়নের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে :** সহকারী পরিচালক, রিসার্চ অফিসার, সিনিয়র কেমিস্ট, সহকারী প্রকৌশলী, লাইব্রেরিয়ান বা হিসাবরক্ষণ কর্মকর্তা পদে অন্যূন ০৭ (সাত) বৎসরের চাকুরি। **প্রেষণে নিয়োগের ক্ষেত্রে :** সিনিয়র সহকারী সচিব বা সমপদমর্যাদাসম্পন্ন কর্মকর্তাগণের মধ্য হইতে প্রেষণে বদলি বা পদায়ন। |
| ৫। | নির্বাহী ম্যাজিস্ট্রেট | - | প্রেষণে বদলি বা পদায়নের মাধ্যমে | নির্বাহী ম্যাজিস্ট্রেটের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তাগণের মধ্য হইতে প্রেষণে বদলি বা পদায়ন। |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ৬। | সহকারী পরিচালক | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) ৩৪% পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৬৬% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে :<br>তবে পদোন্নতির ক্ষেত্রে ৮৫% পদ পরিদর্শক পদ এবং ১৫% পদ সিনিয়র টেকনিশিয়ান বা ড্রাফটসম্যান (ডিপ্লোমা) পদ হইতে পূরণযোগ্য হইবে | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতক ডিগ্রিসহ পরিদর্শক বা সিনিয়র টেকনিশিয়ান বা ড্রাফটসম্যান (ডিপ্লোমা) পদে অন্যূন ০৭ (সাত) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোনো বিষয়ে প্রকৌশলে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক ডিগ্রি;<br>অথবা<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পরিবেশ বিজ্ঞান, পরিবেশ ব্যবস্থাপনা, পরিবেশ রসায়ন, বন বিদ্যা, কৃষি, মৎস্য বিজ্ঞান, নগর ও গ্রামীন পরিকল্পনা, সমুদ্র বিজ্ঞান, মেরিন সায়েন্স, মাইক্রো বায়োলজি, রসায়ন, প্রাণ রসায়ন, উদ্ভিদ বিজ্ঞান, প্রাণিবিদ্যা, মৃত্তিকা বিজ্ঞান, পদার্থ বিজ্ঞান, ফলিত রসায়ন, ফলিত পদার্থ, দূর্যোগ ব্যবস্থাপনা, ভূগোল ও পরিবেশ বিদ্যা, ভূতত্ত্ববিদ্যা, বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং, নিউক্লিয়ার সায়েন্স বা প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি;<br>অথবা<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পরিবেশ বিজ্ঞান, পরিবেশ ব্যবস্থাপনা, পরিবেশ রসায়ন, বন বিদ্যা, কৃষি, মৎস্য বিজ্ঞান, নগর ও গ্রামীন পরিকল্পনা, সমুদ্র বিজ্ঞান, মেরিন সায়েন্স, মাইক্রো বায়োলজি, রসায়ন, প্রাণ রসায়ন, |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| | | | | উদ্ভিদ বিজ্ঞান, প্রাণিবিদ্যা, মৃত্তিকা বিজ্ঞান পদার্থ বিজ্ঞান, ফলিত রসায়ন, ফলিত পদার্থ, দূর্যোগ ব্যবস্থাপনা, ভূগোল ও পরিবেশ বিদ্যা, ভূতত্ত্ববিদ্যা, বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং, নিউক্লিয়ার সায়েন্স বা প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কোনো প্রার্থীর শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি বা সমমানের সিজিপিএ থাকিলে তিনি যোগ্য বিবেচিত হইবেন না। |
| ৭। | রিসার্চ অফিসার | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) ৩৪% পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৬৬% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে :<br>তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতক ডিগ্রিসহ পরিদর্শক পদে অন্যূন ০৭ (সাত) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোনো বিষয়ে প্রকৌশলে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক ডিগ্রি;<br>অথবা<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পরিবেশ বিজ্ঞান, পরিবেশ ব্যবস্থাপনা, পরিবেশ রসায়ন, বন বিদ্যা, কৃষি, মৎস্য বিজ্ঞান, নগর ও গ্রামীন পরিকল্পনা, সমুদ্র বিজ্ঞান, মেরিন সায়েন্স, মাইক্রো বায়োলজি, রসায়ন, প্রাণ রসায়ন, উদ্ভিদ বিজ্ঞান, প্রাণি বিদ্যা, মৃত্তিকা বিজ্ঞান, পদার্থ বিজ্ঞান, ফলিত রসায়ন, ফলিত পদার্থ, দূর্যোগ ব্যবস্থাপনা, ভূগোল ও |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| | | | | পরিবেশ বিদ্যা, ভূতত্ত্ববিদ্যা, বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং, নিউক্লিয়ার সায়েন্স, পরিসংখ্যান, আইন, অর্থনীতি, উন্নয়ন অর্থনীতি, সমাজ বিজ্ঞান, সমাজ কল্যাণ বা প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি;<br>অথবা<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পরিবেশ বিজ্ঞান, পরিবেশ ব্যবস্থাপনা, পরিবেশ রসায়ন, বন বিদ্যা, কৃষি, মৎস্য বিজ্ঞান, নগর ও গ্রামীন পরিকল্পনা, সমুদ্র বিজ্ঞান, মেরিন সায়েন্স, মাইক্রো বায়োলজি, রসায়ন, প্রাণ রসায়ন, উদ্ভিদ বিজ্ঞান, প্রাণিবিদ্যা, মৃত্তিকা বিজ্ঞান, পদার্থ বিজ্ঞান, ফলিত রসায়ন, ফলিত পদার্থ, দূর্যোগ ব্যবস্থাপনা, ভূগোল ও পরিবেশ বিদ্যা, ভূতত্ত্ববিদ্যা, বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং, নিউক্লিয়ার সায়েন্স পরিসংখ্যান, আইন, অর্থনীতি, উন্নয়ন অর্থনীতি, সমাজ বিজ্ঞান, সমাজ কল্যাণ বা প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি অথবা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কোনো প্রার্থীর শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি বা সমমানের সিজিপিএ থাকিলে তিনি যোগ্য বিবেচিত হইবেন না। |
| ৮। | সিনিয়র কেমিস্ট | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) ৩৪% পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৬৬% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে : | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতক ডিগ্রিসহ জুনিয়র কেমিস্ট বা সহকারী বায়োকেমিস্ট পদে অন্যূন ০৭ (সাত) বৎসরের চাকুরি। |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| | | | তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে রসায়ন, ফলিত রসায়ন, পরিবেশ রসায়ন, প্রাণ রসায়ন, মাইক্রোবায়োলজি বা বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি;<br>অথবা<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে রসায়ন, ফলিত রসায়ন, পরিবেশ রসায়ন, প্রাণ রসায়ন, মাইক্রোবায়োলজি বা বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক(সম্মান) ডিগ্রি অথবা সমমানের ডিগ্রি;<br>এবং<br>(খ) কোনো প্রার্থীর শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি বা সমমানের সিজিপিএ থাকিলে তিনি যোগ্য বিবেচিত হইবেন না। |
| ৯। | সহকারী প্রকৌশলী | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে;<br>তবে সরাসরি নিয়োগ না হওয়া পর্যন্ত প্রেষণে বদলি বা পদায়নের মাধ্যমে | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পুরকৌশল, যন্ত্র কৌশল বা ইলেকট্রিক্যাল ও ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং এ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক ডিগ্রি; এবং<br>(খ) কোনো প্রার্থীর শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি বা সমমানের সিজিপিএ থাকিলে তিনি যোগ্য বিবেচিত হইবেন না। |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| | | | | **প্রেষণে নিয়োগের ক্ষেত্রে :**<br>সমপদমর্যাদাসম্পন্ন সরকারি কর্মকর্তাগণের মধ্য হইতে প্রেষণে বদলি বা পদায়ন। |
| ১০। | হিসাবরক্ষণ কর্মকর্তা | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) ৬০% পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৪০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে:<br>তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতক ডিগ্রিসহ হিসাবরক্ষক পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি;<br>অথবা<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কোনো প্রার্থীর শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি বা সমমানের সিজিপিএ থাকিলে তিনি যোগ্য বিবেচিত হইবেন না। |
| ১১। | লাইব্রেরিয়ান | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক ডিগ্রিসহ কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা ডিগ্রি;<br>অথবা<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার বিজ্ঞান বা গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি; |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| | | | | অথবা<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার বিজ্ঞান বা গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ অন্যূন ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি বা সমমানের ডিগ্রি;<br>(খ) কোনো প্রার্থীর শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি বা সমমানের সিজিপিএ থাকিলে তিনি যোগ্য বিবেচিত হইবেন না; এবং<br>(গ) কম্পিউটারে এম এস অফিস এবং এম এস এক্সেলে কাজের সনদ। |
| ১২। | সহকারী প্রোগ্রামার | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ১৩। | পরিদর্শক | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) ৫০% পদ পদোন্নতির মাধ্যমে;<br>এবং<br>(খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে:<br>তবে পদোন্নতির জন্য নির্ধারিত পদসমূহের ১% পদ প্রজেকশনিস্ট কাম-ক্যামেরাম্যান পদ, ১৫% পদ সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর পদ, ৭% পদ উচ্চমান সহকারী পদ, ৪৬% পদ নমুনা সংগ্রহকারী পদ এবং ৩১% পদ | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতক ডিগ্রিসহ প্রজেকশনিস্ট কাম-ক্যামেরাম্যান পদে অন্যূন ০৭ (সাত) বৎসরের চাকুরি;<br>অথবা<br>সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর পদে অন্যূন ০৭ (সাত) বৎসরের চাকুরি;<br>অথবা<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতক ডিগ্রিসহ উচ্চমান সহকারী পদে অন্যূন ০৯ (নয়) বৎসরের চাকুরি;<br>অথবা<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতক ডিগ্রিসহ নমুনা সংগ্রহকারী বা ডাটা-এন্ট্রি-অপারেটর পদে অন্যূন ১২ (বার) বৎসরের চাকুরি। |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| | | | ডাটা-এন্ট্রি-অপারেটর পদ হতে পূরণযোগ্য হইবে | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞান অনুষদভুক্ত যে কোনো বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি;<br>অথবা<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞান অনুষদভুক্ত যে কোনো বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ অন্যূন ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক(সম্মান) ডিগ্রি অথবা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কোনো প্রার্থীর শিক্ষা জীবনে একাধিক ৩য় বিভাগ বা শ্রেণি বা সমমানের সিজিপিএ থাকিলে তিনি যোগ্য বিবেচিত হইবেন না। |
| ১৪। | জুনিয়র কেমিস্ট | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) ৩৪% পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৬৬% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে:<br>তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>গবেষণাগার সহকারী পদে অন্যূন ১২ (বার) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে রসায়ন বা ফলিত রসায়ন বা প্রাণ রসায়ন বা মাইক্রোবায়োলজি বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি; বা<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে রসায়ন বা ফলিত রসায়ন বা প্রাণ রসায়ন বা মাইক্রোবায়োলজি বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি বা সমমানের ডিগ্রি; এবং |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| | | | | (খ) কোনো প্রার্থীর শিক্ষা জীবনে একাধিক ৩য় বিভাগ বা শ্রেণি বা সমমানের সিজিপিএ থাকিলে তিনি যোগ্য বিবেচিত হইবেন না। |
| ১৫। | সহকারী বায়োকেমিস্ট | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) ৩৪% পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৬৬% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে:<br>তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>গবেষণাগার সহকারী পদে অন্যূন ১২ (বার) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে রসায়ন, ফলিত রসায়ন, প্রাণ রসায়ন বা মাইক্রোবায়োলজি বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি;<br>অথবা<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে রসায়ন, ফলিত রসায়ন, প্রাণ রসায়ন বা মাইক্রোবায়োলজি বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি অথবা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কোনো প্রার্থীর শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি বা সমমানের সিজিপিএ থাকিলে তিনি যোগ্য বিবেচিত হইবেন না। |
| ১৬। | সিনিয়র টেকনিশিয়ান | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএসহ সিভিল, কেমিক্যাল, ইলেকট্রিক্যাল, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বা এনভায়রনমেন্টাল টেকনোলজিতে অন্যূন ০৪ (চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা ডিগ্রি। |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১৭। | ড্রাফটসম্যান (ডিপ্লোমা) | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) ৩৪% পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৬৬% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে:<br>তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>ড্রাফটসম্যান (নন-ডিপ্লোমা) পদে অন্যূন ০৮ (আট) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএসহ সিভিল ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বা এনভায়রনমেন্টাল টেকনোলজিতে ০৪ (চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা ডিগ্রি। |
| ১৮। | প্রজেকশনিস্ট কাম-ক্যামেরাম্যান | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতক ডিগ্রিসহ সংশ্লিষ্ট কাজে অন্যূন ০৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা;<br>অথবা<br>কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট কাজে অন্যূন ০৮ (আট) বৎসরের অভিজ্ঞতা;<br>অথবা<br>কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ফটোগ্রাফিতে ডিপ্লোমাসহ স্নাতক ডিগ্রি; এবং<br>(খ) তপশিল ৬ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৯। | হিসাবরক্ষক | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) ২৫% পদ পদোন্নতির মাধ্যমে; এবং | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>ক্যাশিয়ার বা স্টোর কিপার পদে অন্যূন ০৮ (আট) বৎসরের চাকুরি। |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| | | | (খ) ৭৫% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে:<br>তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটারে এম এস অফিস এবং এমএস এক্সেলে কাজের সনদ; এবং<br>(গ) তপশিল ৬ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২০। | সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর | অনূর্ধ্ব ৩০ বৎসর<br>তবে বিভাগীয় প্রার্থীগণের ক্ষেত্রে বয়সসীমা ৪০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণির বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা; এবং<br>(গ) তপশিল-২ ও ৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২১। | উচ্চমান সহকারী | অনূর্ধ্ব ৩০ বৎসর:<br>তবে বিভাগীয় প্রার্থীগণের ক্ষেত্রে বয়সসীমা ৪০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য | (ক) ৫০% পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে:<br>তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক বা লাইব্রেরি সহকারী পদে অন্যূন ০৬ (ছয়) বৎসরের চাকুরি:<br>তবে লাইব্রেরি সহকারী পদের ক্ষেত্রে তপশিল-৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা; এবং<br>(গ) তপশিল ২ ও ৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ২২। | ড্রাফটসম্যান (নন-ডিপ্লোমা) | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) ৫০% পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে:<br>তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>ট্রেসার পদে অন্যূন ০২ (দুই) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে সিভিল ড্রাফটিং ট্রেডসহ অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজে অন্যূন ০২ (দুই) বৎসরের অভিজ্ঞতা; এবং<br>(গ) তপশিল-৬ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২৩। | গবেষণাগার সহকারী | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএসহ বিজ্ঞান বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তপশিল-৬ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২৪। | নমুনা সংগ্রহকারী | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) ২৫% পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৭৫% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে :<br>তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>ল্যাবরেটরি এটেনডেন্ট পদে অন্যূন ০৮ (আট) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএসহ বিজ্ঞান বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তপশিল-৬ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ২৫। | ট্রেসার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃতি বোর্ড হইতে সিভিল ড্রাফটিং ট্রেডসহ অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তপশিল-৬ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২৬। | লাইব্রেরি সহকারী | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) গ্রন্থাগার বিজ্ঞানে সার্টিফিকেট কোর্স সম্পন্ন; এবং<br>(গ) তপশিল-৬ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২৭। | ডাটা-এন্ট্রি অপারেটর | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তপশিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২৮। | ক্যাশিয়ার | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) ১০% পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৯০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে:<br>তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>ক্যাশ সরকার পদে অন্যূন ০৭ (সাত) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএসহ বাণিজ্য বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটারে এম এস অফিস এবং এম এস এক্সেলে কাজের সনদ;এবং<br>(গ) তপশিল-৬ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ২৯। | স্টোর কিপার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন ২য় বিভাগ বা সমমানের সিজিপিএসহ বাণিজ্য বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটারে এম এস অফিস এবং এম এস এক্সেলে কাজের সনদ; এবং<br>(গ) তপশিল-৬ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে। |
| ৩০। | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | অনূর্ধ্ব ৩০ বৎসর:<br>তবে বিভাগীয় প্রার্থীগণের ক্ষেত্রে বয়সসীমা ৪০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য | (ক) ৪০% পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৬০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে:<br>তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>(ক) অফিস সহায়ক পদে অন্যূন ০৭ (সাত) বৎসরের চাকুরি; এবং<br>(খ) তপশিল-৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ ।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) তপশিল-২ ও ৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩১। | পিএবিএক্স অপারেটর | পদোন্নতি, অবসর, পদত্যাগ, মৃত্যু বা অন্য কোনো কারণে পদ শূন্য হইলে পদটি বিলুপ্ত হইবে। | | |
| ৩২। | গাড়ি চালক | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) হালকা অথবা ভারী যানবাহন চালনার লাইসেন্স;<br>(গ) গাড়ি চালনায় অন্যূন ০২ (দুই) বৎসরের অভিজ্ঞতা; এবং<br>(ঘ) তপশিল-৭ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ । |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ৩৩। | প্রসেস সার্ভার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তপশিল-৭ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩৪। | ক্যাশ সরকার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তপশিল-৭ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩৫। | ল্যাব এটেনডেন্ট | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তপশিল-৭ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩৬। | অফিস সহায়ক | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তপশিল-৮ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩৭। | নিরাপত্তা প্রহরী | আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী। | | |
| ৩৮। | পরিচ্ছন্নতাকর্মী | আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী। | | |

**তপশিল-২**
**[বিধি-২(খ) দ্রষ্টব্য]**

| পরীক্ষার নাম | পরীক্ষার বিষয় | পরীক্ষার নম্বর | সর্বনিম্ন পাস নম্বর | সময় |
|---|---|---|---|---|
| (ক) লিখিত পরীক্ষা | ১। বাংলা | ২০ | ৫০% | ৯০ মিনিট |
| | ২। ইংরেজি | ২০ | | |
| | ৩। গণিত | ১৫ | | |
| | ৪। সাধারণ জ্ঞান | ১৫ | | |
| | মোট | ৭০ | | |
| (খ) মৌখিক পরীক্ষা | | ৩০ | | |
| | সর্বমোট | ১০০ | | |

**ব্যাখ্যা।**—নিম্নবর্ণিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবেন, যথা :—

(ক) লিখিত পরীক্ষা; এবং

(খ) সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর পদের জন্য তপশিল-৩ এবং অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদের জন্য তপশিল-৪ এ বর্ণিত পরীক্ষা;

(গ) কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, ই-মেইল, ফ্যাক্স মেশিন ইত্যাদি চালনার দক্ষতা থাকিতে হইবে।

**তপশিল-৩**
**[বিধি-২(খ) দ্রষ্টব্য]**

| পদের নাম | পরীক্ষার বিষয় | ইংরেজিতে সর্বনিম্ন গতি(প্রতি মিনিটে) | বাংলায় সর্বনিম্ন গতি(প্রতি মিনিটে) | ইংরেজি পরীক্ষায় মোট নম্বর | বাংলা পরীক্ষায় মোট নম্বর | প্রতি বিষয়ে সর্বনিম্ন পাস নম্বর | গড় পাস নম্বর | ইংরেজি পরীক্ষার সময় | বাংলা পরীক্ষার সময় |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর | সাঁটলিপি | ৮০ শব্দ | ৫০ শব্দ | ১০০ | ১০০ | ৪০% | ৫০% | ৫মিনিট | ৫মিনিট |
| সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর | কম্পিউটার মুদ্রাক্ষর | ৩০ শব্দ | ২৫ শব্দ | ৫০ | ৫০ | ৪০% | ৫০% | ১০ মিনিট | ১০ মিনিট |
| উচ্চমান সহকারী | কম্পিউটার মুদ্রাক্ষর | ৩০ শব্দ | ২৫ শব্দ | ৫০ | ৫০ | ৪০% | ৫০% | ১০ মিনিট | ১০ মিনিট |

**ব্যাখ্যা।**—(১) সাঁটলিপি নোট প্রতিলিপিকরণ (Transcribe) এর জন্য ৩০ মিনিট সময় বরাদ্দ থাকিবে।

(২) ৫% এর অধিক ভুলের ক্ষেত্রে কোনো গতি অর্জন করে নাই বলিয়া গণ্য হইবে।

(৩) বাংলা ও ইংরেজি উভয় প্রকার কম্পিউটার মুদ্রাক্ষরের ক্ষেত্রে ৫টি স্ট্রোক একটি শব্দ হিসাবে গণ্য হইবে।

(৪) সর্বনিম্ন গতিকে পাস নম্বর ৪০% হিসাবে গণ্য করা হইবে।

**তপশিল-৪**
**[বিধি-২(খ) দ্রষ্টব্য]**

| পরীক্ষার বিষয় | পরীক্ষার সময় | সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | মোট নম্বর | সর্বনিম্ন পাস নম্বর | গড় পাস নম্বর |
|---|---|---|---|---|---|
| ইংরেজি | ১০ মিনিট | ২০ শব্দ | ৫০ | ৪০% | ৫০% |
| বাংলা | ১০ মিনিট | ২০ শব্দ | ৫০ | ৪০% | |

ব্যাখ্যা।—(ক) বাংলা ও ইংরেজি উভয় প্রকার মুদ্রাক্ষরের ক্ষেত্রে প্রতি ৫টি স্ট্রোক একটি শব্দ হিসাবে গণ্য হইবে;

(খ) ৫% এর অধিক ভুলের ক্ষেত্রে কোনো গতি অর্জন করেন নাই বলিয়া গণ্য হইবে;

(গ) সর্বনিম্ন গতিকে পাস নম্বর ৪০% ব্যবহারিক পরীক্ষায় শুধু উত্তীর্ণ/অনুত্তীর্ণ হিসাবে গণ্য হইবে; এবং

**তপশিল-৫**
**[বিধি-২(খ) দ্রষ্টব্য]**

| পরীক্ষার নাম | পরীক্ষার বিষয় | পরীক্ষার নম্বর | সর্বনিম্ন পাস নম্বর | সময় |
|---|---|---|---|---|
| (ক) লিখিত পরীক্ষা | ১। বাংলা | ২০ | ৫০% | ৯০ মিনিট |
| | ২। ইংরেজি | ২০ | | |
| | ৩। গণিত | ২০ | | |
| | ৪। কম্পিউটার বিষয়ক সাধারণ জ্ঞান | ৩০ | | |
| | মোট | ৯০ | | |
| (খ) মৌখিক পরীক্ষা | | ১০ | | |
| | সর্বমোট | ১০০ | | |

ব্যাখ্যা।—(ক) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ এবং ইংরেজিতে ২০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হইতে হইবে;

(খ) বাংলা ও ইংরেজি উভয় প্রকার মুদ্রাক্ষরের ক্ষেত্রে প্রতি ৫টি স্ট্রোক একটি শব্দ হিসাবে গণ্য হইবে;

(গ) ৫% এর অধিক ভুলের ক্ষেত্রে কোনো গতি অর্জন করেন নাই বলিয়া গণ্য হইবে;

(ঘ) ব্যবহারিক পরীক্ষায় শুধু উত্তীর্ণ বা অনুত্তীর্ণ হিসাবে গণ্য হইবে; এবং

(ঙ) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা শুধু ব্যবহারিক পরীক্ষায় এবং ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই শুধু মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করিতে পারিবেন।

**তপশিল-৬**
**[বিধি-২(খ) দ্রষ্টব্য]**

| পরীক্ষার নাম | পরীক্ষার বিষয় | পরীক্ষার নম্বর | সর্বনিম্ন পাস নম্বর | সময় |
|---|---|---|---|---|
| লিখিত পরীক্ষা | ১। বাংলা | ৩০ | ৫০% | ৯০ মিনিট |
| | ২। ইংরেজি | ৩০ | | |
| | ৩। গণিত | ২০ | | |
| | ৪। সাধারণ জ্ঞান প্রাসঙ্গিক/টেকনিক্যাল | ২০ | | |
| | মোট | ১০০ | | |
| মৌখিক পরীক্ষা | | ১০ | | |
| | সর্বমোট | ১১০ | | |

**ব্যাখ্যা।**—লিখিত পরীক্ষা এবং [প্রযোজ্য ক্ষেত্রে] ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবে।

**তপশিল-৭**
**[বিধি-২(খ) দ্রষ্টব্য]**

| পরীক্ষার নাম | পরীক্ষার বিষয় | পরীক্ষার নম্বর | সর্বনিম্ন পাস নম্বর | সময় |
|---|---|---|---|---|
| (ক) লিখিত পরীক্ষা | ১। বাংলা | ১০ | ৫০% | ১ ঘন্টা |
| | ২। ইংরেজি | ১০ | | |
| | ৩। গণিত | ১০ | | |
| | ৪। সাধারণ জ্ঞান প্রাসঙ্গিক/ টেকনিক্যাল | ১০ | | |
| | মোট | ৪০ | | |
| (খ) মৌখিক পরীক্ষা | | ১০ | | |
| | সর্বমোট | ৫০ | | |

**ব্যাখ্যা :** লিখিত পরীক্ষা এবং [প্রযোজ্য ক্ষেত্রে] ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবে।

**তপশিল-৮**

**[বিধি-২(খ) দ্রষ্টব্য]**

| পরীক্ষার নাম | পরীক্ষার বিষয় | পরীক্ষার নম্বর | সর্বনিম্ন পাস নম্বর | সময় |
|---|---|---|---|---|
| (ক) লিখিত পরীক্ষা | ১। বাংলা | ২০ | ৫০% | ১ ঘন্টা |
| | ২। ইংরেজি | ২০ | | |
| | ৩। গণিত | ২০ | | |
| | ৪। সাধারণ জ্ঞান | ১০ | | |
| | মোট | ৭০ | | |
| (খ) মৌখিক পরীক্ষা | | ৩০ | | |
| সর্বমোট | | ১০০ | | |

**ব্যাখ্যা।**—লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ লুৎফর রহমান**
উপসচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd